ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১১২ ● কলকাতা ● ১২ বৈশাখ, ১৪৩২ ● শনিবার ● ২৬ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## ধর্মীয় অধিকারে কোনও হস্তক্ষেপ নেই' ওয়াকফ আইন নিয়ে সুপ্রিম কোর্টে হলফনামা দাখিল করল কেন্দ্রীয় সরকার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

শীর্ষ আদালতে ওয়াকফ সংশোধনী আইনের হয়ে হলফনামা দাখিল করল কেন্দ্রীয় সরকার। সুপ্রিম কোর্টের কাছে জমা দেওয়া হলফনামায় সরকার আইনটিকে সমর্থন করেছে। ওয়াকফ সংশোধনীকে ন্যায্যতা দিয়ে কেন্দ্রীয় সরকার জানিয়েছে গত ১০০ বছর ধরে ওয়াকফ রেজিস্ট্রেশনের ভিত্তিতে স্বীকৃত,

এরপর ৩ পৃষ্ঠায়

## নতুন কাশ্মীর' গড়ার ডাক দিলেন ভূমিকন্যা হিনা




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

পহেলগাঁও সন্ত্রাসের জেরে ফের নতুন করে অশান্ত ভূস্বর্গ। ঘটনার ৭২ ঘণ্টা পার হলেও এখনও থমথমে কাশ্মীর। সৌন্দর্যের বর্ণনা ভুলে 'প্রাণহীন' ভূস্বর্গের বাতাসে এখন শুধুই আতঙ্ক আর হাহাকার। এমন উত্তপ্ত পরিস্থিতিতেই নিজের জন্মভূমি কাশ্মীরে রয়েছেন হিনা খান।

সেই প্রসঙ্গ টেনেই মানসিক যন্ত্রণার কথা তুলে ধরে হিনা খানের সংযোজন, "আমি মানসিকভাবে বিধ্বস্ত। আর এই যন্ত্রণা আমার একার নয়, প্রত্যেকটা ভারতীয়র। এই ঘৃণ্য ঘটনার তীব্র বিরোধিতা করে সকলের শান্তির জন্য কামনা করি। যে বা যারা এমন কাণ্ড ঘটিয়েছে, তাদের মন থেকে ঘৃণা করি আমি। কিছু মুসলিমের কুকীর্তির জন্য আমি এতটাই লজ্জিত যে আমার সহ-নাগরিকদের কাছে অনুরোধ করতে বাধ্য হচ্ছি, আমাদের সকলকে গুলিয়ে ফেলবেন না দয়া করে। এই কঠিন সময়ে আমরা যদি একে-অপরের সঙ্গে লড়াই করতে ব্যস্ত থাকি, তাহলে আমাদের আসল উদ্দেশ্য পূরণ হবে না।" নিজের মাতৃভূমির কথা মনে

এরপর ৩ পাতায়




# ভারতে থেকে পাকিস্তানকে সমর্থন! জঙ্গিদের হয়ে সাফাই গাইতেই গ্রেফতার বিধায়ক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতে থেকে ভারতের বিরুদ্ধেই কথা বলা! জম্মু-কাশ্মীরের জঙ্গি হানায় পাকিস্তানের হয়েই সাফাই গেয়ে গ্রেফতার বিধায়ক। বৃহস্পতিবার অসমের এআইইউডিএফ-র বিধায়ক আমিনুল ইসলামকে গ্রেফতার করে পুলিশ। দেশদ্রোহিতার অভিযোগ আনা হয়েছে তাঁর বিরুদ্ধে।মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা এক্স হ্যান্ডেলে পোস্ট করে লেখেন, "যারা নিরীহ মানুষদের নির্মম হত্যাকে জাস্টিফাই করতে, স্বাভাবিক করতে বা লঘু করার চেষ্টা করছেন, তারা বাক স্বাধীনতা ব্যবহার করছেন না, দেশের বিরুদ্ধেই দাঁড়াচ্ছেন"। ২৬ জন মৃতের পরিবার পিছু ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ারও ঘোষণা করেছেন।পহেলগাঁওয়ের জঙ্গি হামলার পরই বিধায়ক আমিনুল ইসলাম জঙ্গিদের হয়ে সাফাই গেয়েছিলেন।কার্যত সমর্থন করেছিলেন পাকিস্তানকে। সোশ্যাল মিডিয়াতেও ভাইরাল সেই ভিডিয়ো। ওই ভিডিয়োর ভিত্তিতেই পুলিশ দেশদ্রোহিতার মামলা দায়ের করে এবং নাগাঁও জেলায় বিধায়কের বাড়ি থেকে তাঁকে গ্রেফতার করা হয়।

বিধায়কের মন্তব্যের পরই এআইইউডিএফ দলের তরফে দূরত্ব তৈরি করে নেওয়া হয়েছে। দলের তরফে বলা হয়েছে, ওই মন্তব্য বিধায়কের ব্যক্তিগত মতামত। এর সঙ্গে দলের কোনও যোগ নেই। এআইইউডিএফের প্রেসিডেন্ট বদরুদ্দিন আজমলও বলেছেন, "আমিনুল ইসলামের করা মন্তব্য অত্যন্ত দুঃখজনক। এখন দেশের পাশে, সরকারের পাশে দাঁড়ানোর সময়। জঙ্গিদের কোনও ধর্ম হয় না। এই জঙ্গিরা ইসলামের নিয়ম ভাঙছেন।"

তিনবারের বিধায়ক আমিনুল ইসলাম। তাঁর এই ধরনের মন্তব্য বরদাস্ত করা হবে না বলেই সাফ জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। তিনি জানান, ওই বিধায়ককে আদালতে পেশ করা হবে এবং আইন অনুযায়ী পদক্ষেপ করা হবে।

## পহেলগাঁও জঙ্গি হামলায় নিহতদের আলিপুর প্রেস ক্লাবের শ্রদ্ধাঞ্জলি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা:**আলিপুর প্রেস ক্লাব আজ আলিপুর নতুন প্রশাসনিক ভবনে পহেলগাঁও জঙ্গি ঘটনার নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে। উপরোক্ত ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন আইজিএ প্রধান শাহজাহান সিরাজ। আলিপুর প্রেস ক্লাবের সভাপতি জগদীশ যাদব মৃতদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জানিয়েছেন, তাদের আত্মার শান্তি কামনা করেছেন। সভাপতি বলেন, এখন সময় এসেছে সন্ত্রাসবাদের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার এবং যারা মানবতাকে ছিন্নভিন্ন করে তাদের বিচারের আওতায় আনা উচিত। যেখানে আলিপুর প্রেসক্লাবের সহ-সভাপতি শঙ্কর হালদার, সহ-সভাপতি (সাধারণ) নকুল কুমার মণ্ডল, সম্পাদক (ক্রীড়া/স্বাস্থ্য) জাকির আলি, কোষাধ্যক্ষ জয়দীপ যাদব সহ উপদেষ্টা দিবাকর দত্ত, মো. জহির এবং অন্যান্য সিনিয়র মিডিয়া ব্যক্তিত্বরা তাদের মতামত প্রকাশ করেন।

## ৪০তম জন্মদিনের দিন নিজেদের মধ্যে এক বড় অঙ্গীকারবদ্ধ হলেন স্কুল কর্তৃপক্ষ।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এই ৪০ তম জন্মদিনের অনুষ্ঠানে, কলকাতা পুলিশের গোয়েন্দা দপ্তরের ডেপুটি কমিশনার শ্রী নুরুল আবসার মহাশয়, এই স্কুলের প্রিন্সিপাল ফউজিয়া জুবের রিজভী, স্কুল পরিচালন বোর্ডের তরফে ছিলেন মইনুদ্দিন বিন মাকসুদ, রাবিয়া জাহাঙ্গীর শ্রী অচিন্ত্য ঘোষ এই মন্তেসর স্কুলের অ্যাডমিনিস্ট্রেটার আসিফ আহমেদ সহ অন্যান্য শিক্ষক শিক্ষিকারা।অন্যতম ডিরেক্টর রাবিয়া জাহাঙ্গীর সংবাদ মাধ্যমকে জানান আগামী দু বছরের মধ্যে তারা কলকাতা সহ জেলায় আরো তিনটি এই ধরনের প্লে স্কুল খুলবেন, যেখানে শুধু এই সমস্ত ক্ষুদেদের শুধু পুঁথিগত শিক্ষা নয় সামাজিক- মানবিক এবং মূল্যবোধের শিক্ষাও তারা দেবেন, এটাই প্রতিজ্ঞা নিলেন এই 40 তম জন্মদিনের দিন।স্কুলটির প্রিন্সিপাল ফৌজিয়া জুবের রিজভী ম্যাডাম সংবাদমাধ্যমকে জানান এখানে এক বছর দশ মাস থেকে প্রায় চার বছর পর্যন্ত বাচ্চারা পঠন-পাঠন করে। কালার, ল্যাঙ্গুয়েজ আলফাবেটস নয়, এখানে কলকাতার অন্য বড় বড় স্কুলগুলিতে ভর্তির জন্য যে ধরনের পঠন পাঠন প্রশিক্ষন দেওয়া দরকার সেই ধরনের ট্রেনিং পাঠন এখনো হয় এই হারবার্ট হাউস মন্টেসারি স্কুলে। এরকম একটি অনুষ্ঠানে হাজির থাকতে পেরে সংস্থার ডিরেক্টর মইনুদ্দিন বিন মাকসুদকে ধন্যবাদ জ্ঞাপন করেন কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার গোয়েন্দা দপ্তরের শ্রী নুরুল আবসার মহাশয়।







(১ম পাতার পর)

# ধর্মীয় অধিকারে কোনও হস্তক্ষেপ নেই' ওয়াকফ আইন নিয়ে সুপ্রিম কোর্টে হলফনামা দাখিল করল কেন্দ্রীয় সরকার

শুধু মৌখিকভাবে নয়।ওয়াকফ সংশোধনী পাস হওয়ার আগে পর্যন্ত যে কোনও সম্পত্তিকে ওয়াকফ হিসাবে ঘোষণার অধিকার এত দিন ছিল ওয়াকফ বোর্ডের হাতেই। অতীতে তাদের বিরুদ্ধে বার বার বহু গরিব মুসলিমের সম্পত্তি, অন্য ধর্মাবলম্বীদের ব্যক্তির সম্পত্তি অধিগ্রহণের অভিযোগ উঠেছে।

নতুন সংশোধনীতে ওয়াকফ বোর্ডের সেই একচ্ছত্র অধিকার কেড়ে নিয়ে কোনও সম্পত্তি ওয়াকফ কি না, তা বিচার করার চূড়ান্ত ক্ষমতা দেওয়া হয়েছে জেলাশাসক বা সমপদমর্যাদার কোনও আধিকারিকের হাতে।

১৯৫৪ সালে প্রথম ওয়াকফ আইন পাশ হয়েছিল। ১৯৯৫ সালে ওয়াকফ আইনে সংশোধনী এনে ওয়াকফ বোর্ডের ক্ষমতা বাড়ানো হয়েছিল। তার পর থেকেই বিজেপির তরফে বার বার প্রশ্ন তোলা হয়েছে 'বোর্ডের একচ্ছত্র অধিকার' নিয়ে।কেন্দ্রীয় সরকার হলফনামায় বলেছে যে ওয়াকফ মুসলমানদের ধর্মীয় প্রতিষ্ঠান নয় বরং একটি বিধিবদ্ধ সংস্থা। ওয়াকফ সংশোধনী আইন অনুসারে, ট্রাস্টির কাজ ধর্মনিরপেক্ষ হওয়া, ধর্মীয় নয়। এই আইন নির্বাচিত জনপ্রতিনিধিদের অনুভূতির প্রতিফলন ঘটায়। তিনিই সংখ্যাগরিষ্ঠতার সাথে এই আইন পাস করেছেন।

ওয়াকফ সংক্রান্ত আদালতে কেন্দ্রীয় সরকারের দাখিল করা হলফনামায় বলা হয়েছে যে সংসদ কর্তৃক পাস করা আইন সাংবিধানিকভাবে বৈধ বলে বিবেচিত হয়। বিশেষ করে যৌথ সংসদীয় কমিটির (জেপিসি) সুপারিশ এবং সংসদে ব্যাপক বিতর্কের পরে যে আইন প্রণীত হয় তা বৈধ হয়।

কেন্দ্র আদালতকে অনুরোধ করেছিল যে বর্তমানে কোনও বিধানের উপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ জারি না করা হোক। এই সংশোধনী আইন কোনও ব্যক্তির ওয়াকফ তৈরির ধর্মীয় অধিকারে হস্তক্ষেপ করে না। শুধুমাত্র ব্যবস্থাপনা এবং স্বচ্ছতা নিশ্চিত করার জন্য এই আইন পরিবর্তন করা হয়েছে।

লোকসভা ও রাজ্যসভায় ওয়াকফ সংশোধনী পাস হওয়ার আগে যৌথ সংসদীয় কমিটির ৩৬টি সভা অনুষ্ঠিত হয়েছিল। ৯৭ লক্ষেরও বেশি অংশীদার পরামর্শ এবং স্মারকলিপি জমা দিয়েছিলেন। যৌথ সংসদীয় কমিটিকে দেশের দশটি বড় শহরে ঘুরে জনসাধারণের থেকে মতামত জানতে হয়েছিল।

(১ম পাতার পর)

# নতুন কাশ্মীর' গড়ার ডাক দিলেন ভূমিকন্যা হিনা

করে ক্যানসার আক্রান্ত হিনা জানান, "কাশ্মীরের তরুণ প্রজন্মের মধ্যে একটা পরিবর্তন লক্ষ্য করছি। ওঁদের মনে অখণ্ড ভারতের প্রতি বিশ্বাস এবং আনুগত্য দেখতে পাই। সময় এসেছে সেই কাশ্মীরকে ফিরিয়ে আনার যখন কাশ্মীরি হিন্দু পণ্ডিত এবং কাশ্মীরি মুসলিমরা একসঙ্গে পরিবারের মতো বসবাস করতেন।"সেখান থেকেই বৈসরণ উপত্যকার ভয়াবহ সন্ত্রাস হামলার প্রতিবাদে সরব হওয়ার পাশাপাশি 'নতুন কাশ্মীর' গড়ার ডাক দিলেন ভূমিকন্যা হিনা খান।

পহেলগাঁওয়ের বৈসরন উপত্যকায় ভয়ানক সন্ত্রাসবাদের ঘটনায় ফুঁসছে গোটা দেশ। 'ধর্মের ধ্বজা' উড়িয়ে নিরীহ হিন্দু পর্যটকদের নির্বিচারে হত্যা করায় সাম্প্রদায়িক বিভাজন নীতিতে সরগরম নেটপাড়া। নাম-পদবীর জেরে নেটদুনিয়ার স্ক্যানারে মুসলিম ধর্মাবলম্বীরা! এমন আবহেই ক্যানসারে আক্রান্ত হিনা খান বললেন, "একজন ভারতীয় এবং সর্বপরি মুসলিম হিসেবে আমি লজ্জিত।" ইনস্টা স্টোরিতে অভিনেত্রী লিখেছেন, "ভারতের জন্য অন্ধকার দিন। চোখে জল নিয়ে সমবেদনা জানাচ্ছি। বাস্তবটাকে এড়ানো যায় না। মগজধোলাই হওয়া সন্ত্রাসবাদীরা নিজেদের মুসলিম বলে দাবি করে যে অমানবিক আক্রমণ ঘটিয়েছে, তা ভাবনার বাইরে। বন্দুকের নলের মুখে দাঁড় করিয়ে একজন মুসলিমকে যদি তার ধর্ম ত্যাগ করতে বাধ্য করা হয় এবং তারপরও কোনও না কোনওভাবে তাকে হত্যা করা হয়, সেই বিভৎসতা আমার কল্পনাতীত। আমার মন দুমড়ে-মুচড়ে গিয়েছে। এবং একজন মুসলিম হিসেবে আমি আমার সমস্ত হিন্দু ভাইবোন এবং আমার সহ-নাগরিকদের কাছে ক্ষমা চাইছি।" তিনদিন আগেও চেনা ছন্দে ছিল উত্তর ভারতের এই 'সৌন্দর্য নগরী'। কিন্তু মঙ্গলবার কাশ্মীরের পহেলগাঁওয়ের বৈসরন উপত্যকায় নেমে আসে সাক্ষাৎ যম!

## কাশ্মীর জঙ্গীহানার বিষয়ে হিন্দুমহাসভার তীব্র প্রতিক্রিয়া, দেওয়া হল সন্ত্রাসবাদীদের হত্যা ও পাক অধিকৃত কাশ্মীর দখলের নিদান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কাশ্মীরে পহেলগাঁউ জঙ্গীহানার ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সন্ত্রাসবাদীদের হত্যা করে পাক অধিকৃত কাশ্মীর দখলের নিদান দিল পশ্চিমবঙ্গ অখিলভারত হিন্দুমহাসভা । রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর বক্তব্য সন্ত্রাসবাদের কোন নির্দিষ্ট ধর্ম হয়না ঠিকই কিন্তু সন্ত্রাসবাদীরা যেহেতু পর্যটকদের ধর্ম জিজ্ঞেস করে বেছে বেছে অমুসলমানদের হত্যা করেছে তাই এই বিষয়ে মুসলমান সম্প্রদায়ের মানুষদেরই সর্বাধিক গর্জে ওঠা উচিৎ কারণ আদপে সন্ত্রাসবাদীরা মুসলমান ধর্মকে কালিমালিপ্ত করছে । চন্দ্রচূড় বাবুর বক্তব্য কাশ্মীরি গরীব মানুষরাও মুসলমান ধর্মাবলম্বী এবং মূলত পর্যটনকে কেন্দ্র করেই তাদের জীবন জীবিকা চলে। তাই সন্ত্রাসবাদী আক্রমণের কারণে সারা দেশের মানুষ কাশ্মীর ঘুরতে যাওয়া বন্ধ করে দিলে তারা না খেতে পেয়ে মারা যাবেন, অথচ তাদের এই ভিখারীর মত পরিণতির জন্য ওই পাক অধিকৃত কাশ্মীরের জিহাদী জঙ্গী গোষ্ঠীরাই দায়ী । কাশ্মীরবাসীকে বুঝতে হবে "লস্কর ই তাইবা" কখনোই মুসলমানদের হিতাকাঙ্খী নয় কারণ তারা মুসলমানদের ভালো চাইলে কখনোই এমন কাজ করতোনা যাতে কাশ্মীরি মুসলমানদের রুটিরুজি ক্ষতিগ্রস্ত হয় । ভারতের প্রধানমন্ত্রী নারন্দ্র মোদীর কাছে হিন্দুমহাসভার আবেদন

এরপর ৪ পাতায়

# সম্পাদকীয়

## ইপিএফও সংশোধিত ফর্ম-১৩ চালুতে কর্মচারীদের তহবিল স্থানান্তরণের দাবি প্রক্রিয়া সরলীকৃত হয়েছে

সদস্যদের জীবন ধারণের স্বাচ্ছন্দ্যের দিকে তাকিয়ে ইপিএফও এ বছরের জানুয়ারি মাস থেকে পিএফ তহবিল স্থানান্তরণের প্রক্রিয়াকে অনেক সহজ করে দিয়েছে। বেশিরভাগ ক্ষেত্রেই মালিক পক্ষের সম্মতির প্রয়োজনীয় বাধ্যবাধকতাকে রদ করা হয়েছে।

এখনও পর্যন্ত পিএফ সঞ্চয় স্থানান্তরণের ক্ষেত্রে দুটি ইপিএফ অফিসের প্রয়োজন হ'ত। প্রথমত, যে জায়গা থেকে সেই পিএফ সঞ্চয় স্থানান্তরিত হবে এবং দ্বিতীয়টি অন্য ইপিএফ অফিস, যা কর্মচারীর বর্তমান কর্মস্থলে সেই আমানত স্থানান্তরিত হবে। এখন থেকে সেই বাধ্যবাধকতা আর থাকছে না। সফট্‌ওয়্যার-ভিত্তিক পুনর্গঠিত ফর্ম-১৩'র মাধ্যমে সুনির্দিষ্ট অফিসেই সেই তহবিল স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তরিত হয়ে যাবে।

এই পুনর্গঠিত ব্যবস্থায় পিএফ তহবিলের করযোগ্য এবং করযোগ্য নয়, সেই প্রক্রিয়াও স্বয়ংক্রিয়ভাবে স্থির হয়ে যাবে, যাতে করযোগ্য পিএফ – এর সুদের উপর টিডিএস নির্ধারণ অনায়াসে সম্ভব হবে।

অনুমান করা হচ্ছে যে, এতে প্রায় ১ কোটি ২৫ লক্ষ সদস্য উপকৃত হবেন। বাৎসরিক প্রায় ৯০ হাজার কোটি টাকার অনুরূপ স্থানান্তর এখন থেকে অনেক দ্রুততার সঙ্গে সম্পন্ন হবে।

ব্যবসার অধিক স্বাচ্ছন্দ্যের দিকে তাকিয়ে এবং বিভিন্ন অভিযোগের নিষ্পত্তিতে ইপিএফও স্থির করেছে যে, এইসব সদস্যদের অতীতের টাকা জমা পড়ার ক্ষেত্রে কর ছাড় সংক্রান্ত বিষয়ে আধারের বাধ্যবাধকতাকেও ছাড় দেওয়া হয়েছে। এক্ষেত্রে ইউএএন তৈরিতে সদস্যের নথিভুক্ত পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট তথ্যের ভিত্তিতেই তাঁদের পিএফ তহবিলে অর্থ স্থানান্তরণ সম্ভব হবে। একসঙ্গে অনেক সংখ্যক ইউএএন তৈরিও ফিল্ড অফিসগুলিতে সম্পূর্ণ সফট্‌ওয়্যার-ভিত্তিক ব্যবস্থার মাধ্যমে সম্ভব হবে।

যদিও পিএফ সংগ্রহে ঝুঁকি মোকাবিলার ক্ষেত্রে নির্ণায়ক ব্যবস্থা হিসেবে এই যাবতীয় ইউএএন-গুলিকে নিষ্ক্রিয় অবস্থায় রাখা থাকবে। আধারের মাধ্যমেই সেগুলিকে কার্যকর করা হবে।

এইসব ব্যবস্থা গ্রহণের ফলে পিএফ সদস্যদের পরিষেবা প্রদান অনেক উন্নত হবে এবং তাঁদের দাবিদাওয়ার নিষ্পত্তির ক্ষেত্রে দীর্ঘদিনের যে অভিযোগ ছিল, তা যথাসম্ভব কমিয়ে আনা যাবে।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(নবম পর্ব)



অর্থাৎ সকলে যাকে লক্ষ্য করেন বা দর্শন করেন, তিনিই লক্ষ্মী। অর্থাৎ লক্ষ্মী শব্দের অর্থ সৌন্দর্য। আবার যার দ্বারা সকলে আশ্রিত হয় তিনিই শ্রী। সেহেতু ধন দ্বারা সকলে আশ্রিত হন বা ধনকে আশ্রয় করে সকলে জীবন ধারণ করেন সেহেতু শ্রী অর্থ ধন। অহির্বুধ্ণ্য-সংহিতায় আছে জগৎ রূপে লক্ষ্যমানা বলে তিনি লক্ষ্মী। বৈষ্ণব ভাব আশ্রয় করেন বলে তাকে শ্রী বলা হয়, তাঁর মধ্যে কোন কালভাব বা পুংভাব ব্যক্ত হয় না বলে তিনি পদ্মা। কামদান করেন বলে তিনি কমলা, বিষ্ণুর ভাব পালন করেন বলে তিনি বিষ্ণুশক্তি। রমণ করান বা আনন্দদান

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

# কাশ্মীর জঙ্গীহানার বিষয়ে হিন্দুমহাসভার তীব্র প্রতিক্রিয়া, দেওয়া হল সন্ত্রাসবাদীদের হত্যা ও পাক অধিকৃত কাশ্মীর দখলের নিদান

লস্কর জঙ্গীদের হত্যা করে যেন জনসমক্ষে তাদের মৃতদেহে শুয়োরের তেল ও চর্বি মাখিয়ে পুড়িয়ে দেওয়া হয় । এতে নিশ্চই মুসলমান সম্প্রদায়ের মানুষরা সর্বাধিক খুশি হবেন কারণ এতে প্রতিষ্ঠিত হবে ইসলামকে কালিমালিপ্তকারী সন্ত্রাসীদের সাথে মুসলমান ধর্মের কোন সম্পর্ক নেই । শুধু তাই নয় কাশ্মীর পহেলগাঁউ এর মত ঘটনা চিরতরে বন্ধ করতে চাইলে ভারত সরকারের এখনই পাক অধিকৃত কাশ্মীর দখল করে ভূস্বর্গকে সন্ত্রাসমুক্ত করা উচিৎ , আর সেটা না হলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বদলে যোগী আদিত্যনাথের মত যোগ্য করো প্রধানমন্ত্রী হওয়া উচিত, যিনি সন্ত্রাসবাদের সাথে আপোষ করবেন না বলে মন্তব্য করেছেন হিন্দু মহাসভার রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামী । প্রসঙ্গত উল্লেখ্য উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ প্রথম জীবনে বিজেপি করার আগে ভারতের অন্যতম প্রাচীন রাজনৈতিক দল অখিলভারত হিন্দুমহাসভার সদস্য ছিলেন ।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেখানে সপ্তাহান্তে শনিবার বড় ঠাকুরের সাপ্তাহিক পুজার্চনা হয়ে থাকে। এছাড়াও সারা ভারতে বেশকিছু বড় বড় শনি মন্দির ও তীর্থস্থান উল্লেখযোগ্য, যেমন তিরুনাল্লার শ্রী শনিশ্চর কোইল ,দেওনার-এর শনি দেবালয়ম, মহারাষ্ট্রের শনি-সিঙ্গাপুর মন্দির, তিতওয়ালার শনি মন্দির, ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটে পূর্বাঞ্চলীয় জোনাল রাউন্ড ওয়েফেক্স-ওয়েভস ভিএফএক্স চ্যালেঞ্জ আয়োজিত হয়েছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট এবং এবিএআই-এর সহযোগিতায় আয়োজিত যুগান্তকারী উদ্যোগ, বিশ্ব অডিও-ভিজ্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট ওয়েভস ভিএফএক্স চ্যালেঞ্জ, আজ তার পূর্বাঞ্চলীয় জোনাল রাউন্ড কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটে আনুষ্ঠানিকভাবে সম্পন্ন করেছে।

ছাত্র বিভাগে বিজয়ী হন প্রিয়াংশু আকাশ, এবং দ্বিতীয় স্থান অধিকার করেন দেবোপম দত্ত। পেশাদার বিভাগে বিজয়ী হন শিবশঙ্কর সিংহ। সমস্ত বিভাগের বিজয়ীরা এখন মুম্বাইতে অনুষ্ঠিত ওয়েভস সামিট ২০২৫-এর গ্রান্ড ফিনালেতে অংশগ্রহণ করবেন। তাঁরা সেখানে ৫ লক্ষ টাকা পর্যন্ত মূল্যের পুরস্কারের জন্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন এবং শীর্ষস্থানীয় ভিএফএক্স স্টুডিওগুলিতে মর্যাদাপূর্ণ ইন্টার্নশিপের সুযোগ পাবেন। এই চূড়ান্ত প্রতিযোগীদের একটি



স্ট্যান্ডার্ডাইজড ক্রিয়েটিভ টুলকিট ব্যবহার করে ৮ ঘন্টার মধ্যে উচ্চ-প্রভাব, ১০-১৫ সেকেন্ডের ভিএফএক্স ক্লিপ তৈরি করার দায়িত্ব দেওয়া হয়েছিল। কঠিন অনলাইন কোয়ালিফায়ার রাউন্ডে সারা ভারতে ১,৫০০-রও বেশি প্রতিযোগী নিবন্ধীকৃত হয়েছিল এবং ১৭ জন প্রতিশ্রুতিবান ভিএফএস শিল্পীকে ঈষ্টার্ন জোনাল ফাইনালের জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হয়েছিল। এই ইভেন্টটি ভারতের বৃহত্তম ভিএফএক্স প্রতিভা অন্বেষণের তৃতীয় অন-গ্রাউন্ড প্রতিযোগিতা ছিল। এটি আসন্ন বিশ্ব অডিও ভিজুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট শীর্ষসম্মেলন(ওয়েভস)এর একটি ফ্ল্যাগশিপ ইভেন্ট। এর চূড়ান্ত পর্যায় আগামী ১-৫ মে মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড গার্ডেনে অনুষ্ঠিত হবে। ওয়াফএক্স-ওয়েভস ভিএফএক্স চ্যালেঞ্জ হল সৃজনশীল উৎকর্ষের দেশব্যাপী এক উদযাপন, যা 'ভারতে সৃষ্টি করো' সিজন ১-এর সচেতনামূলক প্রচারের একটি মূল স্তম্ভ। এটি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ভারতকে বিশ্বের কন্টেন্ট হাব হিসাবে গড়ে তোলার দৃষ্টিকোণের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এই উদ্যোগের লক্ষ্য দেশের ক্রমবর্ধমান ভিএফএক্স প্রতিভাদের তুলে ধরা এবং ডিজিটাল কথকদের একটি নতুন প্রজন্মকে আরো ক্ষমতাশালী করে তোলা।

'ডেইলি লাইফ সুপারহিরো' মূলভাবনাকে ঘিরে, অংশগ্রহণকারীদের ভিজ্যুয়াল এফেক্টের লেন্সের মাধ্যমে দৈনন্দিন মুহূর্তগুলিকে পুনর্কল্পনা করার জন্য চ্যালেঞ্জ জানানো হয়েছিল, কল্পনাশক্তির সঙ্গে প্রযুক্তিগত দক্ষতাকে মিশ্রিত করতে বলা হয়েছিল। তাদের কাজের মূল্যায়ন করেছেন এক বিশিষ্ট জুরি প্যানেল, যার সদস্যরা হচ্ছেন ফ্যান্টমের আসিফ ভূষণ-সিজি সুপারভাইজার, জেলিফিশের

এরপর ৬ পাতায়

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091


## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# জঙ্গি আসিফ ও আদিলের বাড়িই বিস্ফোরণে উড়িয়ে দিল সেনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পহেলগাঁওয়ের জঙ্গি হানায় জড়িত আসিফ শেখের বাড়িতে বিস্ফোরণ। জম্মু-কাশ্মীরের ত্রালে আসিফের বাড়ি ছিল। সেই বাড়িতেই বিস্ফোরণ হয়। বাড়িটি সম্পূর্ণ ধূলিসাৎ হয়ে গিয়েছে। পরে আরেক লস্কর-ই-তৈবা জঙ্গির বাড়িও বিস্ফোরণে উড়িয়ে দেওয়া হয়। সূত্রের খবর, প্রশাসনের তরফেই এই পদক্ষেপ করা হয়েছে।আসিফের পর আরেক লস্কর-ই-তৈবা জঙ্গি আদিল ঠোকারের বাড়িও বিস্ফোরণে উড়িয়ে দেওয়া হয়। দক্ষিণ কাশ্মীরের বিজবেরায় বাড়ি ছিল তাঁর। পহেলগাঁওয়ের বৈসরণে জঙ্গিহানায় তাঁর ভূমিকা সামনে আসতেই প্রশাসনের তরফে বিস্ফোরণ ঘটিয়ে ধ্বংস করে দেওয়া হয়।২২ এপ্রিলের জঙ্গি হানায় যে চারজন জঙ্গি যুক্ত ছিল, তার মধ্যে দুইজন কাশ্মীরেরই বাসিন্দা। একজনের নাম আদিল গুরে ও অন্যজনের নাম আসিফ শেখ। আদিল অনন্তনাগের বাসিন্দা। আসিফের বাড়ি জম্মু-কাশ্মীরের ত্রালে।

বৃহস্পতিবার রাতে আসিফ শেখের বাড়িতে তল্লাশি চালায় সেনাবাহিনী। তল্লাশি চলাকালীনই তাদের নজরে আসে যে বাড়িতে বিস্ফোরক জাতীয় কিছু মজুত করা রয়েছে। সেনাবাহিনীকে ফাঁদে ফেলার চেষ্টা করা হচ্ছে, এটা আশঙ্কা করেই তড়িঘড়ি সেনারা বাড়ি থেকে বেরিয়ে আসেন। বাড়ি থেকে বেরতেই বিস্ফোরণ হয়।

(৫ পাতার পর)

# কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটে পূর্বাঞ্চলীয় জোনাল রাউন্ড ওয়েফেক্স-ওয়েভস ভিএফএক্স চ্যালেঞ্জ আয়োজিত হয়েছে

রিতেশ কুমার-সিজি সুপারভাইজার, দ্য মিলের লিড রাকেশ হেরুলকর, অ্যাসেম্বলেজের সিজি সুপারভাইজার বিদিত কুন্দ্রা, অটোডেস্কের টেকনিক্যাল ডিরেক্টর সামিত শেঠি, এমপিসির সিজি সুপারভাইজার বিজয় সেলভাম, অ্যাপটেকের অনুষদ উমেশ প্যাটেল এবং অ্যাপটেকের অনুষদ আশীষ রঞ্জন ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে, এবিএআই-এর সচিব শ্রী আর.কে. চাঁদ বলেন, "আজ কলকাতায় অনুষ্ঠিত জোনাল রাউন্ডটি চার মাস আগে ওয়েফেক্স চালু হওয়ার মাধ্যমে শুরু হওয়া জাতীয় আন্দোলনে আমাদের সাফল্যের প্রমাণ। ১৫০০-এরও বেশি এন্ট্রি থেকে আমরা সেরা প্রতিভাদের




এই পর্যায়ে এনেছি। প্রদর্শিত সৃজনশীলতার স্তর ভারতের ভিএফএক্স শিল্পের উজ্জ্বল ভবিষ্যৎকে প্রতিফলিত করে। আমরা অ্যাপটেক এবং টিমকে তাঁদের অংশীদারিত্বের জন্য এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে এই উদ্যোগকে বাস্তববায়িত করার লক্ষ্যে অব্যাহত সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। 'ক্রিয়েট ইন ইন্ডিয়া' চ্যালেঞ্জকে বাস্তবায়নে তাঁর অমূল্য সহায়তার জন্য আমি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব শ্রী সঞ্জয় জাজুকে ধন্যবাদ জানাতে চাই।"

আসন্ন জোনাল রাউন্ডে ২৫ এপ্রিল, ২০২৫ তারিখে মুম্বাইয়ের অ্যাপটেক-এ ওয়েস্ট জোনাল বিজেতারাও অন্তর্ভুক্ত থাকবেন। প্রতিটি জোনাল প্রতিযোগিতার বিজয়ীদের ওয়েভস ২০২৫ গ্র্যান্ড ফিনালেতে অংশগ্রহণের জন্য মুম্বাই নিয়ে যাওয়া হবে। সেখানে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ভিএফএক্স তত্ত্বাবধায়কদের গ্র্যান্ড জুরি জাতীয় বিজয়ীদের নির্বাচন এবং ঘোষণা করবেন। ওয়েফেক্স চ্যালেঞ্জ ভারত জুড়ে তার যাত্রা অব্যাহত রেখেছে, ভারতের সৃজনশীল অর্থনীতির ভবিষ্যত গঠনকারী ভিএফএক্স উদ্ভাবকদের পরবর্তী শ্রেষ্ঠ প্রতিযোগীদের চিহ্নিত করছে এবং তাঁদের সাফল্য উদযাপন করছে ও করবে।

## ডঃ কে কস্তুরীরঙ্গনের প্রয়াণে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

**নয়াদিল্লি, ২৫ এপ্রিল, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ডঃ কে কস্তুরীরঙ্গনের প্রয়াণে আজ শোক প্রকাশ করেছেন। ভারতের বিজ্ঞান ও শিক্ষার যাত্রাপথে তিনি তাঁকে একজন প্রসিদ্ধ ব্যক্তিত্ব অভিহিত করেছেন।

এক্স পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন, "ভারতের বিজ্ঞান ও শিক্ষার যাত্রাপথে এক প্রসিদ্ধ ব্যক্তিত্ব ডঃ কে কস্তুরীরঙ্গনের প্রয়াণে আমি গভীরভাবে ব্যথিত । তাঁর দূরদর্শী নেতৃত্ব এবং দেশের জন্য নিঃস্বার্থ অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

গভীর নিষ্ঠার সঙ্গে তিনি ইসরোর নেতৃত্ব দিয়েছেন এবং ভারতের মহাকাশ কর্মসূচিকে নতুন শিখরে পৌঁছে দেন ; এজন্য তিনি বিশ্বের স্বীকৃতিও লাভ করেন। তাঁর নেতৃত্বে উচ্চাকাঙ্ক্ষী উপগ্রহ উৎক্ষেপণ হয়েছে। তিনি সবসময় উদ্ভাবনে জোর দিয়েছেন।

জাতীয় শিক্ষা নীতির খসড়া রচনায় তাঁর প্রয়াসের জন্য ডঃ কস্তুরীরঙ্গনের প্রতি ভারত সর্বদা কৃতজ্ঞ থাকবে। এতে ভারতের শিক্ষা ব্যবস্থাকে সর্বাত্মক এবং অগ্রগামী করে তোলার কাজ সুনিশ্চিত হয়। তরুণ বিজ্ঞানী এবং গবেষণাবিদদের কাছে তিনি ছিলেন এক অসাধারণ পরামর্শদাতা।

তাঁর পরিবার, ছাত্রছাত্রী, বৈজ্ঞানিকগণ এবং অনন্ত গুণগ্রাহীর সঙ্গে আমিও সমবেদনার শরিক। ওঁ শান্তি"!

## শিলিগুড়ির স্নেহা আগরওয়াল ও শুভম আগরওয়ালের টিম "ওয়াইট হ্যাট লাভার্স" ওয়েভস ২০২৫ -এর অ্যান্টি-পাইরেসি চ্যালেঞ্জের চূড়ান্ত পর্বে



**কলকাতা, ২৫ এপ্রিল ২০২৫**

আগামী ১ থেকে ৪ মে,২০২৫ -এ মুম্বই- এর জিও ওয়ার্ল্ড সেন্টারে অনুষ্ঠিত হতে চলেছে প্রথম ওয়ার্ল্ড অডিও ভিস্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক আয়োজিত এই সম্মেলনের অঙ্গ হিসেবে অ্যান্টি-পাইরেসি চ্যালেঞ্জ- এর আয়োজন হচ্ছে। এই প্রতিযোগিতার ফাইনালিস্ট এর মধ্যে অন্যতম শিলিগুড়ির স্নেহা আগরওয়াল ও শুভম আগরওয়ালের টিম "ওয়াইট হ্যাট লাভার্স"।

স্নেহা ও শুভম তাঁদের পকাজ 'শ্যাডো স্টাম্প"- এর বিষয়ে একটি সাক্ষাৎকারে বলেন, এই কর্মপরিকল্পনার পিছনে তাঁদের উদ্দেশ্য ছিল ডিজিটাল তথ্যগুলিকে কিভাবে রক্ষা করা যায়।

'ওয়াইট হ্যাট লাভার্স' একটির পর একটি ধাপ অতিক্রম করে অ্যান্টি পাইরেসি চ্যালেঞ্জ -এর চূড়ান্ত পর্বে পৌঁছতে পেরেছে।

শুভম ও স্নেহা দুজনেই ওয়েভস ২০২৫- এ অংশগ্রহণ করতে পেরে উচ্ছসিত। তাঁরা দুজনেই চূড়ান্ত পর্বের জন্য যথেষ্টই আশাবাদী। স্নেহা ও শুভম কেন্দ্রীয় সরকার -কে ধন্যবাদ জানিয়েছেন এরকম একটি মঞ্চ তাঁদেরকে উপহার দেওয়ার জন্য যেখানে তাঁরা তাঁদের প্রতিভা বিশ্ববরেণ্য ব্যক্তিদের সামনে তুলে ধরতে পারার সুযোগ পেয়েছেন।

## CHANGE OF NAME

I, **Ajey Mukund Ranade**, S/O Lt. Shri Mukund Gajanan Ranade residing at 6, Port Land Park, 1st Floor, Burdwan Road, Alipore, Kolkata-700027 and also at Flat No. 903, Swayambhara RHE, GA Block, Sector 3, Purbachal, Bidhannagar, Kolkata-700097 have changed my name and shall henceforth be known as Ajey Mukund Ranade as declared before Learned Judicial Magistrate, 1st Class Municipal Court at Howrah vide Affidavit No. 01/2025 dated 25/04/2025. **Ajey Ranade** and **Ajey Mukund Ranade** both are same and identical person.

# সিনেমার খবর

## সানির ‘জাট’ সিনেমা ঘিরে ধর্মীয় বিতর্ক, বয়কটের ডাক

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউডে সিনেমা মুক্তি মানেই কোনো না কোনো বিতর্ক। এ যেন একটি নিয়মিত চিত্র। প্রায় প্রতিটি সিনেমাই কোনো না কোনোভাবে ইতিহাস বিকৃতি, রাজনৈতিক ইস্যু অথবা ধর্মীয় ভাবাবেগে আঘাতের অভিযোগে আলোচনায় আসে।

সাম্প্রতিক উদাহরণ সানি দেওল অভিনীত নতুন মুক্তিপ্রাপ্ত সিনেমা ‘জাট’, যেটি নিয়ে ধর্মীয় বিতর্ক শুরু হয়েছে। এতে খ্রিস্টান সম্প্রদায় ছবিটি বয়কটের ডাক দিয়েছে।

শুধু খ্রিস্টান সম্প্রদায় নয়, ছবিটির বিরুদ্ধে অন্যান্য ধর্মীয় গোষ্ঠীরও আপত্তি রয়েছে। যেমন সিনেমার নাম নিয়ে শিখ সম্প্রদায় আপত্তি জানিয়েছে, আবার ‘ও রাম শ্রীরাম’ শিরোনামের গানটি রামনবমীতে মুক্তি পাওয়ায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে একাধিক হিন্দু সংগঠন।

ভারতীয় গণমাধ্যমের খবর অনুযায়ী, সিনেমার একটি দৃশ্যেই মূল বিতর্কের সূত্রপাত। একটি গির্জায় প্রার্থনারত অবস্থায় রণদীপ হুডা অভিনীত চরিত্রের হামলার দৃশ্য দেখানো হয়েছে, যেখানে পেছনে দেখা যায় ক্রুশবিদ্ধ যীশুর মূর্তি। পবিত্র গির্জার ভেতরে এমন সহিংসতার দৃশ্য প্রদর্শনে খ্রিস্টান সম্প্রদায়ের প্রতিনিধিরা আপত্তি জানিয়েছেন।

তাদের মতে, “এমন দৃশ্য আমাদের ধর্মীয় ভাবাবেগে আঘাত করেছে। গির্জা আমাদের কাছে সবচেয়ে পবিত্র স্থান। সেখানে কীভাবে হামলার দৃশ্য দেখানো হয়?”

তবে এই বিতর্কের মধ্যে সানি দেওল সিনেমার প্রচারে গিয়ে বলেছেন, “‘জাট’ কোনো ধর্মীয় উসকানিমূলক ছবি নয়। দয়া করে এর গায়ে ধর্মীয় তকমা এঁটে দেবেন না। ছবিটি সম্পূর্ণ বিনোদনমূলক। আমরা চাই দর্শকরা ছবিটা উপভোগ করুন, এর বেশি কিছু নয়। আমরা সমস্ত ধর্মকে শ্রদ্ধা করি ও ভালোবাসি।”

## সালমান খানকে হুমকি দেয়া ব্যক্তি গ্রেফতার



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউডের ভাইজান খ্যাত তারকা সালমান খানকে ফের প্রাণনাশের হুমকি এবং গাড়ি উড়িয়ে দেয়ার ঘটনায় এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। গত ১৪ এপ্রিল সকালে হুমকি দেয়ার ঘটনায় গুজরাটের ভদোদরা থেকে গ্রেফতার করা হয়েছে অভিযুক্তকে।

সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, গ্রেফতারকৃত ব্যক্তির বয়স ২৬। তাকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তিনিই অভিনেতার গাড়ি বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছিলেন। তবে তিনি মানসিকভাবে অসুস্থ বলেও জানিয়েছে পুলিশ।

এর আগে, ১৪ এপ্রিল সকালে মুম্বাইয়ের ওরলি এলাকায় পরিবহন দপ্তরের হোয়াটসঅ্যাপ নম্বরে একটি হুমকির মেসেজ আসে। সেখানে অজ্ঞাত পরিচয়ের ব্যক্তি সালমানের গাড়ি উড়িয়ে দেবেন বলে জানান। পরে ওরলি থানায় অজ্ঞাত ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়। হুমকি দেয়া ফোন নম্বরটিও ট্রাক করা হয়।

মুম্বাই পুলিশ সূত্রে জানা গেছে, গ্রেফতারকৃত ব্যক্তির ফোনের ডেটা ও বিভিন্ন কর্মকাণ্ড এবং পরিবারের সদস্যদের সঙ্গে কথা হয়েছে তাদের। গ্রেফতার মায়াঙ্ক মানসিকভাবে অসুস্থ। তার চিকিৎসাও চলছে। তবে সোশ্যাল মিডিয়ায় খুবই সক্রিয় তিনি। সোশ্যাল মিডিয়ায় নিজের প্রচারণা পাওয়ার ইচ্ছা থেকেই হোয়াটসঅ্যাপ গ্রুপে এমন একটি মেসেজ সালমানের উদ্দেশে দিয়েছেন তিনি। এরইমধ্যে কিছু ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হয়েছে তাকে। তার নামে এফআইআর নথিভুক্ত করা হয়েছে।

## ফের বিতর্কে উর্বশী

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বিতর্ক পিছু ছাড়ছে না ভারতীয় অভিনেত্রী উর্বশী রাউতেলার। বারবার কটাক্ষের শিকার হচ্ছেন তিনি। সম্প্রতি নিজের সৌন্দর্য নিয়ে কথা বলেও তিনি পড়েছেন সমালোচনার মুখে।

উর্বশী উত্তরাখণ্ডের মেয়ে। অভিনেত্রীর দাবি, উত্তরাখণ্ডের মেয়ে বলেই তিনি সব দিক থেকে সুন্দরী। উর্বশীর এই মন্তব্যের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে মুহূর্তে। দেখা যায় অভিনেত্রী বলছেন, উত্তরাখণ্ডের মানুষ এমনিতেই লম্বা, ফর্সা এবং সুন্দর।

এরপরে নিজের বাবার সৌন্দর্যের বর্ণনাও দিয়েছেন তিনি। ভারতের উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম যে কোনও দিকের মানুষের চেয়েই উত্তরাখণ্ডের বাসিন্দারা সব দিক থেকে অনেক বেশি সুন্দর বলে দাবি উর্বশীর। এই মন্তব্যের জন্য তার দিকে ধেয়ে আসে কটাক্ষ।

উর্বশী বলেছেন, আপনি আমার যা দেখছেন সবটাই স্বাভাবিক। এর মধ্যে কৃত্রিম কিছু নেই। আমি তো উত্তরাখণ্ডের মানুষ। জন্মের পর থেকেই এখানকার মানুষ সুন্দর। তাই কৃত্রিমভাবে কোনও কিছু দরকার পড়ে না। এর পরেই নিজের বাবার প্রসঙ্গে উর্বশী বলেন, আমার বাবাকেই দেখুন। ওঁর উচ্চতা ৬ ফুট ৩ ইঞ্চি। ফর্সা, সুন্দর ও লম্বা। একেবারে সুপারমডেলের মতো।

নিজের দিদিমার সঙ্গে অভিনেত্রী বৈজয়ন্তীমালার তুলনাও করেন তিনি। অভিনেত্রীর কথায়, আমার দিদিমা বৈজয়ন্তীমালার থেকে কম সুন্দর নয়। তাঁর বয়স এখন ৯০ বছর। এখনও তাঁর মুখের ত্বক টানটান। আসলে জিনের উপরে অনেক কিছু নির্ভর করে।

# ২০২৮ অলিম্পিকে ক্রিকেট ভেন্যুর নাম ঘোষণা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




প্রায় ১২৮ বছর পর আবারও অলিম্পিকের মঞ্চে ফিরছে ক্রিকেট। ২০২৮ সালের লস অ্যাঞ্জেলস অলিম্পিকে পুরুষ ও নারী বিভাগে টি২০ ফরম্যাটে এই খেলা অনুষ্ঠিত হবে ক্যালিফোর্নিয়ার পোমোনা শহরে।

এলএ২৮ আয়োজক কমিটি এক ঘোষণায় জানিয়েছে, পোমোনার ফেয়ারগ্রাউন্ডে অস্থায়ীভাবে একটি বিশেষ ভেন্যু নির্মাণ করা হবে ক্রিকেট ম্যাচগুলোর জন্য। আয়োজকরা বলছে, টি২০ ক্রিকেট বিশ্বব্যাপী একটি জনপ্রিয় ইভেন্ট এবং ২০২৮ অলিম্পিকে তা অন্তর্ভুক্ত হওয়ায় ওয়েস্ট কোস্টের জন্য এটি গর্বের বিষয়।

ক্রিকেটকে আবার অলিম্পিকে অন্তর্ভুক্ত করার এ সিদ্ধান্তে খুশি আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। সংস্থাটির চেয়ারম্যান জয় শাহ বলেন, বিশ্বজুড়ে ক্রিকেটের জনপ্রিয়তা থাকলেও অলিম্পিকে এর প্রত্যাবর্তন স্বস্তির খবর। টি২০ ফরম্যাট নতুন দর্শকদের আকৃষ্ট করবে বলেই আমরা আশাবাদী। আইসিসির পক্ষ থেকে আমি এলএ২৮ আয়োজক ও আন্তর্জাতিক অলিম্পিক কমিটিকে ধন্যবাদ জানাই এবং প্রতিশ্রুতি দিচ্ছি, এই ইভেন্টের সফলতার জন্য আমরা সর্বাত্মক সহযোগিতা করব।

প্রথমে নিউইয়র্কে এই ইভেন্ট আয়োজনের পরিকল্পনা থাকলেও পরবর্তীতে যাচাই-বাছাই শেষে ক্যালিফোর্নিয়ার পোমোনাকে চূড়ান্ত করা হয় ভেন্যু হিসেবে। উল্লেখ্য, নিউইয়র্কেই গত বছর টি২০ বিশ্বকাপের আটটি ম্যাচ অনুষ্ঠিত হয়েছিল।

২০২৮ সালের অলিম্পিকে ছয়টি পুরুষ ও ছয়টি নারী দল অংশ নেবে, যেখানে বিশ্বের চোখ থাকবে আবারও অলিম্পিকে ফিরে আসা এই ঐতিহাসিক খেলাটির দিকে।

## ওয়াংখেড়েতে স্টেডিয়ামে রোহিতের নামে স্ট্যান্ড



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতের টি-টোয়েন্টি বিশ্বকাপ ও চ্যাম্পিয়ন্স ট্রফি জয়ী অধিনায়ক রোহিত শর্মাকে বিশেষ সম্মাননা দিচ্ছে মুম্বাই ক্রিকেট অ্যাসোসিয়েশন (এমসিএ)।


ওয়াংখেড়ের একটি স্ট্যান্ড ভারত অধিনায়কের নামে করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মঙ্গলবার সংস্থার বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শুধু রোহিত নন, আরও দুটি স্ট্যান্ডেরও নামকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একটি হবে ভারতের সাবেক অধিনায়ক অজিত ওয়াদেকারের নামে। অন্যটি হবে এমসিএ'র সাবেক সভাপতি শারাদ পাওয়ারের নামে।

এ সম্পর্কে এমসিএ'র এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'ওয়ানখেড়ে স্টেডিয়ামে তিনটি স্ট্যান্ডের নামের অনুমোদন দেয়া এবারের এজিএমে অন্যতম গুরুত্বপূর্ণ একটি এজেন্ডা ছিল।' স্টেডিয়ামের লেভেল ৩'এর দিভেচা প্যাভিলিয়নের নাম রোহিত শর্মার নামে এবং একই লেভেলের গ্র্যান্ড স্ট্যান্ড শারাদ পাওয়ারের নামে নামকরণ করা হবে। এছাড়া লেভেল ৪'এ হবে অজিত ওয়াদেকারের নামে।

## বাবরকে পেছনে ফেলে বিশ্ব রেকর্ড কোহলির

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) দুর্দান্ত ফর্মে আছেন বিরাট কোহলি। গতকাল রাতেও রাজস্থান রয়্যালসের বিপক্ষে ফিফটি পেয়েছেন এই ওপেনার। তাতে আরো একটি রেকর্ড গড়লেন তিনি।

রাজস্থান রয়্যালসের বিপক্ষে আগে ব্যাট করতে নেমে ৫ উইকেটে ২০৫ রান করেছিল বেঙ্গালুরু। যেখানে ৪২ বলে ৭০ রানের দারুণ ইনিংস খেলেন কোহলি। শুরুতে কিছুটা ধীরগতির ব্যাটিং করলেও শেষের দিকে গিয়ার পরিবর্তন করেন তিনি। তার ইনিংসটি গড়া ৮ চার ও ২ ছক্কায়।

এদিন ফিফটি স্পর্শ করার সঙ্গে সঙ্গে একটি রেকর্ড গড়েন কোহলি। স্বীকৃত টি-টোয়েন্টি ক্রিকেটে আগে ব্যাটিং করে সবচেয়ে বেশি ফিফটির রেকর্ড এখন কোহলির দখলে। টি-টোয়েন্টিতে আগে ব্যাটিং করে ৬২ বার পঞ্চাশ ছোঁয়া ইনিংস খেলেছেন এই টপ অর্ডার ব্যাটার।

কোহলি এদিন ছাড়িয়ে গেছেন বাবর আজমকে। পাকিস্তানের সাবেক এই অধিনায়ক ৬১ বার টি-টোয়েন্টিতে আগে ব্যাটিং করে ফিফটি করেছেন। এই তালিকায় এই দুজনের পরে আছেন ক্রিস গেইল (৫৭), ডেভিড ওয়ার্নার (৫৫), জস বাটলার (৫২)।

আর সবমিলিয়ে টি-টোয়েন্টি ক্রিকেটে সবচেয়ে বেশি ফিফটির রেকর্ড ডেভিড ওয়ার্নারের। ১১৭ বার পঞ্চাশ ছোঁয়া ইনিংস খেলেছেন এই অজি কিংবদন্তি। তার পরেই আছেন কোহলি। এই ভারতীয় ব্যাটারের পঞ্চাশ ছোঁয়া ইনিংস এখন ১১১টি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR